

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.১১৪৭.২০১৬-১১১১


তারিখ : ১৬/০৮/১৭

বিষয় : রীট পিটিশন নং-৯৬৬২/২০১৬, বাদী জনাব মোঃ আজিজুল হক, পিতা- আলহাজ্ব মোঃ মুজিবুর রহমান মন্ডল, গ্রাম- চাঁদপুর, থানা- শিবগঞ্জ, জেলা- বগুড়া -বনাম-সরকার ও অন্যান্য।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা কর্মচারীদের চাকুরী রাজস্বখাতে স্থানান্তরের দাবীতে বাদী কর্তৃক রীট পিটিশন নং-৯৬৬২/২০১৬ দায়ের করা হয়েছে। উক্ত রীট পিটিশনে সচিব, স্থানীয় সরকার বিভাগকে ১নং বিবাদী, সিনিয়র সচিব, অর্থ বিভাগকে ২নং বিবাদী, সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়কে ৩নং বিবাদী, প্রধান প্রকৌশলী এলজিইডিকে ৪নং বিবাদী শ্রেণীভুক্ত করা হয়েছে। মহামান্য আদালত রুল ইস্যুপূর্বক বিবাদীগণকে জনাব দাখিলের জন্য নির্দেশ দিয়েছেন। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(মোহাম্মদ শফিকুল আরিফ)
উপসচিব (আইন-১)
ফোন-৯৫৪০৯৯৫।

প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। উপসচিব (উন্নয়ন-১ শাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি।